রহমান রহীম আল্লাহ তায়ালার নামে

রুকু ১

০৫৬–১ যখন (কেয়ামতের অবশ্যম্ভাবী) ঘটনাটি সংঘটিত হবে,

০৫৬–২ (তখন) কেউই তার সংঘটিত হওয়ার অস্বীকারকারী থাকবে না।

০৫৬–৩ এ (ঘটনা)-টি হবে (কারো মর্যাদা) ভূলুণ্ঠনকারী, (আর কারো মর্যাদা) সমুন্নতকারী,

০৫৬–৪ পৃথিবী যখন প্রবল কম্পনে কম্পিত হবে,

০৫৬–৫ পর্বতমালা সম্পূর্ণরূপে চূর্ণ-বিচূর্ণ করে দেয়া হবে,

০৫৬–৬ অতঃপর তা বিক্ষিপ্ত ধুলাবালিতে পরিণত হয়ে যাবে,

০৫৬–৭ আর তোমরা (মানুষরা তখন) তিন ভাগ হয়ে যাবেঃ

০৫৬–৮ (প্রথমত হবে) ডান দিকের দল, জানো এ ডান দিকের লোক কারা?

০৫৬–৯ (দ্বিতীয়ত হবে) বাম দিকের দল, কারা এ বাম দিকের লোক?

০৫৬–১০ (তৃতীয়ত হবে) অগ্রবর্তী (ঈমান আনয়নকারী) দল, এরাই (হলো মূলত প্রধান) অগ্রগামী দল,

০৫৬–১১ এরা হচ্ছে (আল্লাহ তায়ালার) একান্ত ঘনিষ্ঠ বান্দা,

০৫৬–১২ (এরা অবস্থান করবে) নেয়ামতে পরিপূর্ণ জান্নাতসমূহে।

Published as Portable Document Format by : Mohammad Noor-e-Alam Siddiquee
More Free Islamic Stuff at www.siddiquee.co.nr

০৫৬-১৩ (এদের) বড়ো অংশটি (অবশ্য হবে) আগের লোকদের মধ্য থেকে,

০৫৬-১৪ আর সামান্য (অংশই) থাকবে পরবর্তী লোকদের মাঝ থেকেঃ

০৫৬-১৫ (তারা থাকবে) স্বর্ণখচিত আসনের ওপর,

০৫৬-১৬ তার ওপর তারা (একে অপরের) মুখোমুখি (আসনে) হেলান দিয়ে (বসবে)।

০৫৬-১৭ তাদের চারপাশে (তাদের সেবার জন্যে) চির কিশোরদের একটি দল ঘুরতে থাকবে,

০৫৬-১৮ পানপাত্র ও প্রবাহমান সুরা ভর্তি পেয়ালা নিয়ে (এরা প্রস্তুত থাকবে),

০৫৬-১৯ সেই (সুরা পান করার) কারণে তাদের কোনো শীরপীড়া হবে না, তারা (কোনো রকম) নেশাও করবে না,

০৫৬-২০ (সেখানে আরো থাকবে) তাদের নিজ নিজ পছন্দমতো ফলমূল,

০৫৬-২১ (থাকবে) তাদের মনের চাহিদা মোতাবেক (রকমারি) পাখির গোশতঃ

০৫৬-২২ (সেবার জন্যে মজুদ থাকবে) সুন্দরী সুনয়না তরুণী দল,

০৫৬-২৩ তারা যেন (সযত্নে) এক একটি ঢেকে রাখা মুক্তা,

০৫৬-২৪ (এর সব কিছুই হচ্ছে তাদের) সে (কাজের) পুরস্কার যা তারা (দুনিয়ায়) করে এসেছে।

০৫৬-২৫ সেখানে তারা কোনো অর্থহীন প্রলাপ (বা কথাবার্তা) শুনতে পাবে না,

০৫৬-২৬ (সেখানে) বরং বলা হবে (শুধু) শান্তি, নিরবচ্ছিন্ন শান্তি!

০৫৬-২৭ (অতঃপর আসবে) ডান পাশের লোক, আর কারা (এ) ডান পাশের লোকঃ

Published as Portable Document Format by : Mohammad Noor-e-Alam Siddiquee
More Free Islamic Stuff at www.siddiquee.co.nr

০৫৬-২৮ (তারা অবস্থান করবে এমন এক উদ্যানে,) যেখানে থাকবে (শুধু) কাঁটাবিহীন বরই গাছ,

০৫৬-২৯ (থাকবে) কাঁদি কাঁদি কলা,

০৫৬-৩০ (শান্তিদায়িনী) ছায়া দূর-দূরান্ত পর্যন্ত সম্প্রসারিত হবে,

০৫৬-৩১ আর থাকবে প্রবাহমান (ঝর্ণাধারার) পানি,

০৫৬-৩২ পর্যাপ্ত (পরিমাণ) ফলমূল,

০৫৬-৩৩ (এমন সব ফল) যার সরবরাহ কখনো শেষ হবে না এবং (যার ব্যবহার কখনো) নিষিদ্ধও করা হবে না,

০৫৬-৩৪ আর থাকবে উঁচু উঁচু বিছানাঃ

০৫৬-৩৫ আমি তাদের (সাথী হুরদের) বানিয়েছি বানানোর মতো (করেই),

০৫৬-৩৬ (তাদের বৈশিষ্ট্য হচ্ছে,) আমি তাদের চির কুমারী করে রেখেছি,

০৫৬-৩৭ (তাদের আরেকটি বৈশিষ্ট্য হচ্ছে) তারা (হবে) সমবয়সের প্রেম সোহাগিনী,

০৫৬-৩৮ (এগুলো হচ্ছে প্রথম দলের সব) ডান পাশের লোকদের জন্যেঃ

রুকু ২

০৫৬-৩৯ (এ ডান পাশের লোকদের) এক বিরাট অংশই হবে আগের লোকদের মাঝ থেকে.

০৫৬-৪০ (আবার) অনেকে হবে পরবর্তী লোকদের মাঝ থেকেওঃ

০৫৬-৪১ যারা বাম পাশের লোক, তুমি কি জানো এ বাম পাশের লোক কারাঃ

০৫৬-৪২ (যাদের অবস্থান হবে জাহান্নামের) উত্তপ্ত ও ফুটন্ত পানিতে,

Published as Portable Document Format by : Mohammad Noor-e-Alam Siddiquee
More Free Islamic Stuff at www.siddiquee.co.nr

০৫৬-৪৩ এবং (ঘন) কালো রঙের ধোঁয়ার ছায়ায়,

০৫৬-৪৪ (সে ছায়া যেমন) শীতল নয়, (তেমনি তা কোনো রকম) আরামদায়কও হবে না।

০৫৬-৪৫ এরা (হচ্ছে সেসব লোক যারা) এর আগে (দুনিয়ায়) অতন্ত্য সুখ সম্পদে কাটাতো,

০৫৬-৪৬ এরা বার বার জঘন্য পাপ কাজে লিপ্ত হয়ে পড়তো,

০৫৬-৪৭ এরা বলতো, আমরা যখন মরে যাবো এবং (মরে যাওয়ার পর) আমরা যখন মাটি ও হাড়ের সমষ্টিতে পরিণত হয়ে যাবো, তখনও কি আমাদের পুনরায় জীবিত করা হবে?

০৫৬-৪৮ (জীবিত করা হবে) কি আমাদের বাপ-দাদা এবং পূর্বপুরুষদেরও?

০৫৬-৪৯ (হে নবী,) তুমি বলো, অবশ্যই আগে পরের সব লোককেই-

০৫৬-৫০ একটি নির্দিষ্ট দিনে (একটা নির্দিষ্ট সময়ে) জড়ো করা হবে।

০৫৬-৫১ অতঃপর (কাফেরদের বলা হবে,) ওহে পথভ্রষ্ট ও (এ দিনের আগমনকে) মিথ্যা প্রতিপন্নকারী ব্যক্তিরা,

০৫৬-৫২ (দুনিয়ায় যা অর্জন করেছো তার বিনিময়ে আজ) তোমরা ভক্ষণ করবে 'যাক্কুম' (নামক একটি) গাছের অংশ,

০৫৬-৫৩ অতঃপর তা দিয়েই তোমরা (তোমাদের) পেট ভরবে,

০৫৬-৫৪ তার ওপর তোমরা পান করবে (জাহান্নামের) ফুটন্ত পানি,

০৫৬-৫৫ তাও আবার পান করতে থাকবে (মরুভূমির) তৃষ্ণার্ত উটের মতো করে;

০৫৬-৫৬ এ হবে (কেয়ামতে) তাদের যথার্থ মেহমানদারী;

Published as Portable Document Format by : Mohammad Noor-e-Alam Siddiquee
More Free Islamic Stuff at www.siddiquee.co.nr

০৫৬-৫৭ আমি (যে) তোমাদের সবাইকে পয়দা করেছি- (এ কথাটা) তোমরা কি বিশ্বাস করছো না?

০৫৬-৫৮ তোমরা যে (সন্তান উৎপাদনের জন্যে এক বিন্দু) বীর্যপাত করে আসো, সে সম্পর্কে (কখনো) কি ভেবে দেখেছো?

০৫৬-৫৯ বলো তো, তাকে কি তোমরা (পূর্ণাংগ) মানুষ বানিয়ে দাও না আমি তার স্রষ্টা?

০৫৬-৬০ তোমাদের মাঝে (সবার) মৃত্যু আমিই নির্ধারণ করি এবং আমি এ ব্যাপারে মোটেই অক্ষম নই যে-

০৫৬-৬১ তোমাদের মতোই আরেক দল মানুষ দিয়ে তোমাদের বদল করে দেবো এবং (প্রয়োজনে) তোমাদেরই (আবার) এমনভাবে তৈরী করবো যে, তোমরা কিছুই জানতে পারবে না।

০৫৬-৬২ তোমরা (যখন) তোমাদের প্রথম সৃষ্টির ঘটনাটা সুনিশ্চিতভাবে জানতে পেরেছো, (তখন দ্বিতীয়বার সৃষ্টির ভবিষ্যদ্বাণী থেকে) কেন শিক্ষা গ্রহণ করছো না?

০৫৬-৬৩ তোমরা (যমীনে) যে বীজ বপন করে আসো সে সম্পর্কে কি কখনো চিন্তা করেছো?

০৫৬-৬৪ (তা থেকে) ফসলের উৎপাদন কি তোমরা করো না আমিই তার উৎপাদক?

০৫৬-৬৫ অথচ আমি যদি চাই তাহলে (অঙ্কুরিত সব) বীজ খড়কুটায় পরিণত করে দিতে পারি, আর (তা দেখে) তোমরা হতভম্ব হয়ে পড়বে,

০৫৬-৬৬ (তোমরা বলতে থাকবে, হায়!) আজ তো আমাদের সর্বনাশ হয়ে গেলো,

০৫৬-৬৭ আমরা তো (ফসল থেকে আজ) বঞ্চিতই থেকে গেলাম!

Published as Portable Document Format by : Mohammad Noor-e-Alam Siddiquee
More Free Islamic Stuff at www.siddiquee.co.nr

০৫৬-৬৮ কখনো কি তোমরা সেই পানি সম্বন্ধে চিন্তা করে দেখেছো যা তোমরা (সব সময়) পান করোঃ

০৫৬-৬৯ (বলতে পারো?- আকাশের) মেঘমালা থেকে এ পানি কি তোমরা নিজেরা বর্ষণ করো না আমি এর বর্ষণকারী?

০৫৬-৭০ অথচ আমি চাইলে এ (সুপেয়) পানি লবনাক্ত করে দিতে পারি, (পানির এ সুন্দর ব্যবস্থাপনার জন্যে) তোমরা কেন আমার কৃতজ্ঞতা আদায় করছো না?

০৫৬-৭১ আগুন- যা (প্রতিদিন) তোমরা প্রজ্বলিত করে থাকো- তা সম্পর্কে কি কখনো ভেবে দেখেছো?

০৫৬-৭২ তার (জ্বালানোর) গাছটি কি তোমরা সৃষ্টি করেছো না আমি এর স্রষ্টা?

০৫৬-৭৩ (মূলত) আমিই একে (সভ্যতার) নিদর্শন করে রেখেছি এবং একে ভ্রমনকারীদের জন্যে প্রয়োজন পূরণের সামান বানিয়ে দিয়েছি।

০৫৬-৭৪ অতঃপর (হে নবী, এসব কিছুর জন্যে) তুমি তোমার মহান মালিকের নামের মাহাত্ম্য ঘোষণা করো।

রুকু ৩

০৫৬-৭৫ অতঃপর আমি শপথ করছি তারকাগুলোর অস্তাচলের,

০৫৬-৭৬ সত্যিই (আমার গোটা সৃষ্টি নৈপুণ্যের আলোকে) তা হচ্ছে এক মহা শপথ, যদি তোমরা জানতেঃ

০৫৬-৭৭ অবশ্যই কোরআন এক মহামর্যাদাবান গ্রন্থ।

০৫৬-৭৮ এটি লিপিবদ্ধ রয়েছে একটি (সযত্নে) রক্ষিত গ্রন্থে,

Published as Portable Document Format by : Mohammad Noor-e-Alam Siddiquee
More Free Islamic Stuff at www.siddiquee.co.nr

০৫৬-৭৯ পূত পবিত্র ব্যতিরেকে তা কেউ স্পর্শও করে নাঃ

০৫৬-৮০ (কেননা তা) নাযিল করা হয়েছে সৃষ্টিকূলের মালিক আল্লাহ তায়ালার কাছ থেকে।

০৫৬-৮১ তোমরা এ (গ্রন্থের আনীত) বাণীকে কি সাধারণ কথাই মনে করতে থাকবে ?

০৫৬-৮২ এবং মিথ্যা প্রতিপন্ন করাটাকেই তোমরা তোমাদের জীবিকা (আহরণের পেশা) বানিয়ে নেবে ?

০৫৬-৮৩ যখন কোনো (মানুষের) প্রাণ (তার) কণ্ঠনালীতে এসে পৌঁছে যায়,

০৫৬-৮৪ তখন (কেন) তোমরা (অসহায়ের মতো) তাকিয়ে থাকো,

০৫৬-৮৫ (এ সময় তো বরং) তোমাদের চাইতে আমিই সেই (মুমূর্ষ) ব্যক্তির বেশী কাছে থাকি, (কিন্তু) তোমরা এর কিছুই দেখতে পাও না।

০৫৬-৮৬ তোমরা যদি (তোমাদের ক্ষমতার দাবীতে) সত্যবাদী হও, তাহলে কেন সেই (বেরিয়ে যাওয়া প্রাণ)-কে (পুনরায় তার দেহে) ফিরিয়ে আনো না।

০৫৬-৮৭ (হাঁ)- যদি সে (মৃত) ব্যক্তিটি আল্লাহর নৈকট্যপ্রাপ্ত (প্রথম দলের) একজন হয়ে থাকে,

০৫৬-৮৮ তাহলে (তার জন্যে) থাকবে আরাম আয়েশ, উন্নত মানের আহার্য ও নেয়ামতে ভরপুর (এক চিরন্তন) জান্নাত।

০৫৬-৮৯ আর যদি সে হয় ডান পাশের (দ্বিতীয় দলের) কেউ,

০৫৬-৯০ তাহলে (তাকে এই বলে অভিনন্দন জানানো হবে,) তোমার জন্যে রয়েছে (আল্লাহর পক্ষ থেকে) শান্তি (আর শান্তি, কারণ), তুমি তো (ছিলে) ডান পাশেরই (একজন)ঃ

Published as Portable Document Format by : Mohammad Noor-e-Alam Siddiquee
More Free Islamic Stuff at www.siddiquee.co.nr

০৫৬-৯১ আর যদি সে হয় (আল্লাহ তায়ালাকে) অস্বীকারকারী মিথ্যাবাদী পথভ্রষ্ট দলের কেউ-

০৫৬-৯২ তাহলে ফুটন্ত পানি দ্বারা (তার) আপ্যায়ন করা হবে,

০৫৬-৯৩ এবং সে জাহান্নামের (কঠিন) আগুনে উপনীত হবে।

০৫৬-৯৪ নিশ্চয়ই এ হচ্ছে এক অমোঘ সত্য (ঘটনা)।

০৫৬-৯৫ অতএব (হে নবী,) তুমি তোমার মালিকের পবিত্র নামের তাসবীহ পাঠ করো।

Bengali Translation By : Hafiz Munir Uddin Ahmed

Al Quran Academi London

Published as Portable Document Format by : Mohammad Noor-e-Alam Siddiquee
More Free Islamic Stuff at www.siddiquee.co.nr